

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ কমার্শিয়াল ম্যানেজার(পূর্ব) এর কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

নং- ৯৩৪-সি/ক্যাটারিং/পলিসি/সিএমজি

তারিখ : ২৭-১২-২০২০ খ্রিঃ।

বাংলাদেশ রেলওয়ে,পূর্বাঞ্চলে চলাচলকারী সকল আন্তঃনগর ট্রেনের ক্যাটারিং সার্ভিস প্রদানের নিমিত্তে প্রাক-যোগ্যতা যাচাইয়ের লক্ষ্যে উনুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে প্রাক-যোগ্যতা তালিকা প্রস্তুতকরণ।


বাংলাদেশ রেলওয়ে(পূর্বাঞ্চলে) চলাচলকারী সকল আন্তঃনগর ট্রেনে ক্যাটারিং সার্ভিস প্রদানের জন্য তালিকা প্রস্তুতকরণের লক্ষ্যে প্রোপ্রাইটারশীপ/কোম্পানী সমূহের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

আগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে নিম্নোক্ত তথ্যাদি/দলিলাদি দাখিল করতে হবে :

- ১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, রেজিস্ট্রেশন সংক্রান্ত দলিলাদি।
- ২। হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ৩। প্রতিষ্ঠানের টিন (TIN) সনদ।
- ৪। হালনাগাদ ভ্যাট এবং ট্যাক্স রিটার্নের সনদ।
- ৫। ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ।
- ৬। বিগত ০৩(তিন) বছরের বার্ষিক টার্নওভার/ব্যাংক লেনদেনের বিবরণ।
- ৭। প্রতিষ্ঠানের অবকাঠামো এবং নিয়োজিত লোকবলের সংখ্যা (নাম, পদবী, জীবন বৃত্তান্ত, বেতন)।
- ৮। ক্যাটারিং সংক্রান্ত কাজের অভিজ্ঞতার সনদ (সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত ও কর্পোরেট অফিসে ক্যাটারিং সার্ভিস অভিজ্ঞতা)।
- ৯। যে সকল প্রতিষ্ঠান কর্তৃক ক্যাটারিং সেবা প্রদান করা হচ্ছে তাদের পূর্বে অনিয়মতান্ত্রিক কাজের জন্য জরিমানা বা অন্যান্য কোনো অনিয়ম থাকলে প্রাক-যোগ্যতা যাচাইয়ের ক্ষেত্রে নোটেটিভ মার্কিং হবে।
- ১০। সংক্ষিপ্ত তালিকাভুক্তির জন্য এফএএন্ডসিএও(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অনুকূলে যেকোনো সিডিউল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অ-ফেরতযোগ্য) আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ১১। প্রাক-যোগ্যতা সংক্রান্ত আবেদন ফরম ও দলিলাদিতে উল্লিখিত অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

উপরোক্ত বর্ণনার আলোকে পূর্বাঞ্চলের সকল আন্তঃনগর ট্রেনে ক্যাটারিং সার্ভিস পরিচালনার নিমিত্তে দক্ষতা/যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রতিষ্ঠান আগামী ১০-০১-২০২১ হতে ৩১-০১-২০২১ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) প্রতিসেট নগদ ১,০০০/- (এক হাজার) টাকা (অ-ফেরতযোগ্য) মূল্যে আবেদনপত্র ও অন্যান্য দলিলাদি সংগ্রহ করতে পারবেন। সংগৃহিত আবেদনপত্র আগামী ০১-০২-২০২১ তারিখ বেলা ০৯.৩০ হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত চীফ কমার্শিয়াল ম্যানেজার(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর দপ্তরে দাখিল করতে হবে। অসম্পূর্ণ অথবা ত্রুটিপূর্ণ কিংবা চাহিদার সঙ্গে সঙ্গতিবিহীন তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোনো অথবা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ নাজমুল ইসলাম)
চীফ কমার্শিয়াল ম্যানেজার(পূর্ব)
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১৭/১২/২০২০